JAN. 1 9 2001

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীকোর্স প্রসঙ্গে

গত ১৩/১/২০০১ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত 'উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সমীপে' শীর্ষক পত্রের জন্য পত্রলেখককে ধন্যবাদ জানাই। পত্রলেখকের সহিত আমি সম্পূর্ণ একমত। কারণ স্বল্পবেতনভুক্ত চাকুরীজীবী নিম্নবিত্তদের পক্ষে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী কোর্সের বিশাল অংকের টাকার সংস্থান এবং সর্বমোট ২০টি কোর্স সম্পন্ন করা অত্যন্ত দুরূহ ব্যাপার। অধিকন্তু, এই কোর্সের ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীরা সাধারণত নানা পেশায় জড়িত এবং সংসারের বিভিন্ন টানাপড়েনে সর্বদাই অস্থির থাকেন। তাঁহাদের পক্ষে এত বড় কোর্স সম্পন্ন করা অত্যন্ত কঠিন ব্যাপার। যাহা হউক, জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহিত সামঞ্জস্য রাখিয়া উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কোর্স ফি, কোর্স সংখ্যা এবং সময়সীমা নির্ধারণের জন্য কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি। ইহাতে অনেকেই এই পরীক্ষায় অংশ নিতে আগ্রহী হইবেন বলিয়া আমার বিশ্বাস।

মোঃ ওসমান গণি,
ফিল্ড অফিসার,
[illegible]